

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
ক্রীড়া-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moysports.gov.bd

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৭১.৩৬.০০০২.২৩.১৯০

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

### জাতীয় ক্রীড়া পুরস্কার ২০২৪ এর বিজ্ঞপ্তি

ক্রীড়াক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ খেলোয়াড়/ক্রীড়া সংগঠকের অনুকূলে এ মন্ত্রণালয় থেকে প্রতি বছর জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় যে সকল খেলোয়াড়/ক্রীড়া সংগঠক/পৃষ্ঠপোষক ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিশেষ অবদান রেখেছেন, তাঁদের নিকট থেকে জাতীয় ক্রীড়া পুরস্কার ২০২৪ এর আবেদন পুনরায় আহ্বান করা যাচ্ছে। আগ্রহী খেলোয়াড়/ক্রীড়া সংগঠক/পৃষ্ঠপোষক-কে নির্ধারিত ছক যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় প্রমাণকসহ সংশ্লিষ্ট ফেডারেশনের মাধ্যমে অথবা সরাসরি/ডাকযোগে আগামী ০৫/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এতদব্যতীত যে কোন খেলোয়াড়/ক্রীড়া সংগঠক/পৃষ্ঠপোষকের পক্ষেও আবেদন দাখিল করা যাবে। উল্লেখ্য, ২০২৪ সালে যে সকল খেলোয়াড়/ক্রীড়া সংগঠক/পৃষ্ঠপোষক আবেদন করেছিলেন তাদের পুনরায় নতুন করে আবেদন করতে হবে। আবেদনপত্র এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)), জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ক্রীড়া পরিদপ্তর, ক্রীড়া ফেডারেশন/এসোসিয়েশনসমূহ এবং দেশের সকল জেলা ক্রীড়া সংস্থায় পাওয়া যাবে।

০১-০৩-২০২৬  
ইফফাত আরা জামান উর্মি  
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৭১.৩৬.০০০২.২৩.১৯০/১ (১৩)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল), ।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য অনুরোধ করা হলো)।
- ৫। নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (সকল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য অনুরোধ করা হলো)।
- ৬। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জেলা প্রশাসক (সকল), ।
- ৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১০। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল পত্রিকা, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ {বিজ্ঞপ্তি ও (তিন) কলামে (৮"×৫") একদিনের জন্য প্রকাশের অনুরোধ সহ}।
- ১২। বিজ্ঞাপন ম্যানেজার, আমার দেশ পত্রিকা, ঢাকা ট্রেড সেন্টার, ৯৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার-১২১৫ {বিজ্ঞপ্তি ও (তিন) কলামে (৮"×৫") একদিনের জন্য প্রকাশের অনুরোধ সহ} এবং

১৩। অফিস কপি, ।



*Jamun*

০১-০৩-২০২৬

ইফফাত আরা জামান উর্মি  
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)